গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর গোপনীয় শাখা
www.noakhali.gov.bd

**৪৪ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষ্যে গঠিত বিজ্ঞান বিষয়ক বিতর্ক প্রতিযোগিতা উপ-কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি : অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নোয়াখালী
ও
আহবায়ক, বিজ্ঞান বিষয়ক বিতর্ক প্রতিযোগিতা উপ-কমিটি
তারিখ : ৩০/০৫/২০২৩ খ্রি.
সময় : বেলা ১১:০০ ঘটিকা
স্থান : অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নোয়াখালী এর অফিস কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: **পরিশিষ্ট ক**

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর বিস্তারিত আলোচনান্তে জাতীয় ও নোয়াখালী জেলা প্রশাসন কর্তৃক প্রণীত কর্মসূচির আলোকে ৪৪ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষ্যে বিজ্ঞান বিষয়ক বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠান যথাযথভাবে সম্পন্ন করার নিমিত্ত বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠান উপ-কমিটির সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

১. আগামী ০৩ জুন ২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠান নোয়াখালী জিলা স্কুলে অনুষ্ঠিত হবে।
২. **"জুনিয়র এবং সিনিয়র"** -এ দুটি গ্রুপে প্রতিযোগিতার আয়োজন করা হবে। হাই স্কুল ও সমমানের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীবৃন্দ ও স্কুল ভিত্তিক বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ **'জুনিয়র গ্রুপ'** হিসেবে চিহ্নিত হবে। কলেজ ও সমমানের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীবৃন্দ ও কলেজ ভিত্তিক বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ **'সিনিয়র গ্রুপ'** হিসেবে চিহ্নিত হবে।
৩. বিতর্ক প্রতিযোগিতার বিষয় নির্ধারণসহ তৎসংশ্লিষ্ট সকল ধরণের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত নিম্নবর্ণিত ০২ (দুই) গ্রুপে বিচারক কমিটি গঠন করা হলো। বর্ণিত কমিটি বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পাদনপূর্বক ফলাফল সংরক্ষণ করবেন।

বিতর্ক প্রতিযোগিতার বিচারক কমিটি

| সিনিয়র গ্রুপ | |
|---|---|
| ক্র. নং | বিচারকের নাম ও পদবি |
| ০১ | জনাব আহসান হাফিজ, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী |
| ০২ | জনাব আয়েশা বেগম, প্রভাষক (উদ্ভিদবিদ্যা বিভাগ), নোয়াখালী সরকারি মহিলা কলেজ, নোয়াখালী |
| ০৩ | জনাব মমতাজ বেগম, সহকারী অধ্যাপক (পদার্থ বিজ্ঞান বিভাগ), সোনাপুর ডিগ্রি কলেজ, নোয়াখালী |
| ০৪ | জনাব মোঃ ইয়াছিন, সহকারী শিক্ষক, নোয়াখালী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, নোয়াখালী |

| জুনিয়র গ্রুপ | |
|---|---|
| ক্র. নং | বিচারকের নাম ও পদবি |
| ০১ | জনাব কে এইচ তাসফিকুর রহমান, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী |
| ০২ | জনাব বিধান মহুরী, প্রভাষক (রসায়ন বিভাগ), নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী |
| ০৩ | জনাব রেজাউল করিম ভূঁইয়া, সহকারী শিক্ষক (বিজ্ঞান), নোয়াখালী জিলা স্কুল, নোয়াখালী |
| ০৪ | জনাব রুবাইয়া ইয়াসমিন, সহকারী শিক্ষক (বিজ্ঞান), জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, নোয়াখালী |

৪. বিতর্ক প্রতিযোগিতার বিষয়সমূহ নিম্নরূপ
ক) গ্রুপ পর্ব: প্রযুক্তি নির্ভর শিক্ষা ব্যবস্থাই কর্মসংস্থানের নিশ্চয়তা দিতে পারে।
খ) ফাইনাল পর্ব: বিজ্ঞানের বড় বড় আবিষ্কারগুলো সভ্যতাকে হুমকির সম্মুখীন করছে।

৫. বিতর্ক প্রতিযোগিতার মানবন্টন নিম্নরূপ

| | |
|---|---|
| ক) উপস্থাপনা | ০৫ |
| খ) শুদ্ধ উচ্চারণ ও বাচনভঙ্গি | ০৫ |
| গ) যুক্তি ও তথ্য উপস্থাপন | ১০ |
| সর্বমোট | ২০ |
| ঘ) যুক্তিখন্ডন (দলনেতা) | ০৫ (যুক্তিখন্ডনের নম্বর দলীয় নম্বরে যোগ হবে) |



CamScanner

➢ অংশগ্রহণকারী দলের সংখ্যা বিজোড় হলে যেকোনো দুটি দলকে লটারির মাধ্যমে নির্বাচন করা হবে। উক্ত দল দুটির মধ্যে বিজয়ী দল মূল প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

➢ বিতর্ক প্রতিযোগিতার উভয় গ্রুপে প্রত্যেক উপজেলা থেকে ১ম স্থান অধিকারী দল অংশগ্রহণ করবে। উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ আগামী ০১ জুন ২০২৩ খ্রি. তারিখের মধ্যে ১ম স্থান অধিকারী দলের তালিকা প্রেরণ নিশ্চিত করবেন। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী প্রাপ্ত তালিকা মোতাবেক বিতর্ক প্রতিযোগিতার শিডিউল প্রস্তুতপূর্বক আয়োজন ও অংশগ্রহণের সাথে সংশ্লিষ্ট সকলকে নোটিশ প্রদান করবেন।

৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নোয়াখালী বর্ণিত বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠানের সার্বিক কার্যক্রম পরিচালনা করবেন।

৭. নেজারত ডেপুটি কালেক্টর, নোয়াখালী এবং জেলা নাজির, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালীকে বর্ণিত বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠান আয়োজনে প্রধান শিক্ষক, নোয়াখালী জিলা স্কুল এর সাথে সমন্বয়পূর্বক আগামী ৩ জুন, ২০২৩ খ্রি. তারিখ অডিটোরিয়াম সহ বিতর্ক উপযোগী আরো দুটি কক্ষ প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। এ বিষয়ে প্রধান শিক্ষক, নোয়াখালী জিলা স্কুল এর সাথে বিচারক উপ-কমিটির পক্ষ থেকে নেজারত ডেপুটি কালেক্টর সার্বক্ষণিক যোগাযোগ রাখবেন।

৮. অনুষ্ঠানে লজিস্টিক সাপোর্ট প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নেজারত ডেপুটি কালেক্টর, নোয়াখালীকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে এবং বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠানে সকলের সার্বিক সহযোগিতা ও উপস্থিতি কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/৫/২৩

মো: নাজিমুল হায়দার
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
নোয়াখালী
ও
আহবায়ক
৪৪ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষ্যে গঠিত বিজ্ঞান বিষয়ক বিতর্ক প্রতিযোগিতা উপ-কমিটি

স্মারক নং-০৫.৪২.৭৫০০.০০৫.০৩.০০১.২৩-(৬৮৩৭) তারিখ : ৩০/০৫/২০২৩খ্রি.

অনুলিপি সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে প্রেরণ করা হলো

১। জেলা প্রশাসক, নোয়াখালী।
২। ~~অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/শিক্ষা ও আইসিটি)~~/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নোয়াখালী।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ......................................., নোয়াখালী।
৪। নেজারত ডেপুটি কালেক্টর, নোয়াখালী।
৫। জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী
৬। জনাব...................................................সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী।
৬। জনাব..........................................................................................................., নোয়াখালী।
৭। জেলা নাজির, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী।
৮। অফিস নথি।

৩০/৫/২৩

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
নোয়াখালী

CamScanner